গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd

স্মারক নম্বর-২৬.০০.০০০০.১০২.১১.০১১.২২.১০০

তারিখ: ০৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২২

বিষয়: বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং যথাক্রমে নয়াদিল্লী (ভারত), জেনেভা (সুইজারল্যান্ড) ও দুবাই (সংযুক্ত আরব আমিরাত)- এ কমার্শিয়াল কাউন্সেলর এবং জেনেভা (সুইজারল্যান্ড)-এ প্রথম সচিব (বাণিজ্যিক) পদে কর্মকর্তা নিয়োগ বিজ্ঞপ্তি।

বিদেশস্থ বাংলাদেশ মিশনের কমার্শিয়াল উইং-এ কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী বাংলাদেশ দূতাবাসের বাণিজ্যিক উইং যথাক্রমে নয়াদিল্লী (ভারত), জেনেভা (সুইজারল্যান্ড) ও দুবাই (সংযুক্ত আরব আমিরাত) -এ কমার্শিয়াল কাউন্সেলর এবং জেনেভা (সুইজারল্যান্ড) এ প্রথম সচিব (বাণিজ্যিক) পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ সিভিল সার্ভিসের উপযুক্ত ও আগ্রহী কর্মকর্তাগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

০২। ''জীবন বৃত্তান্ত ছক'' (সংযুক্ত) এ যোগ্য/আগ্রহী কর্মকর্তাদের নিকট থেকে স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদন করতে হবে:

| ক্র. নং | পদের নাম ও বাণিজ্যিক উইং | পদ সংখ্যা | আবেদনকারীর যোগ্যতা | কাজের বিবরণ |
|---|---|---|---|---|
| ০১ | কমার্শিয়াল কাউন্সেলর: বাণিজ্যিক উইং নয়াদিল্লী (ভারত), জেনেভা (সুইজারল্যান্ড) এবং দুবাই (সংযুক্ত আরব আমিরাত) | ০৩ (তিন)টি | জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যুনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য হবেন। | রপ্তানি লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, উপকরণ ও মূলধনী যন্ত্রপাতি আমদানি সংক্রান্ত তথ্য সংগ্রহ এবং তা মন্ত্রণালয়ে প্রেরণ, রপ্তানি পণ্য বহুমুখীকরণ ও বাজার সম্প্রসারণে তথ্য প্রদান, সম্ভাবনাময় খাতে বিদেশী বিনিয়োগ আকৃষ্টে উদ্যোগ গ্রহণ, কর্মকর্তা/ কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি সহায়তা আনয়নের উদ্যোগ গ্রহণ, বাণিজ্যিক ও বিনিয়োগ সংক্রান্ত প্রতিনিধি দল প্রেরণের উদ্যোগ গ্রহণ, বিদেশস্থ বিভিন্ন বাণিজ্য সংগঠনের সাথে যোগাযোগ ও দেশীয় বাণিজ্য সংগঠনের সাথে সংযোগ সাধন, বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনা শীর্ষক বিশেষ সভা/সেমিনার/রোডশো আয়োজন, অধিক্ষেত্রাধীন দেশসমূহের সাথে দ্বি-পাক্ষিক, বহুপাক্ষিক ও আঞ্চলিক বাণিজ্য চুক্তি সম্পাদনের সম্ভাব্যতা যাচাই ও মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ, নতুন পণ্য রপ্তানির সম্ভাবনা সম্পর্কে পণ্যভিত্তিক প্রতিবেদন প্রেরণ, মাসিক, ত্রৈমাসিক ও বাৎসরিক প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় /বিভাগ/সংস্থায় প্রেরণ, আমদানিকারক ও রপ্তানিকারকের মধ্যে উদ্ভূত বাণিজ্য বিরোধসহ অন্যান্য জটিলতা নিরসনের উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ, বাংলাদেশী পণ্য রপ্তানি লক্ষ্যে অধিক্ষেত্রাধীন দেশসমূহের ট্যারিফ কাঠামোর পরিবর্তন এবং নন ট্যারিফ বাধাসমূহ চিহ্নিতকরণ ও তা দূরীকরণে সম্ভাব্য সুপারিশ সম্পর্কিত প্রতিবেদন প্রেরন। |
| ০২ | প্রথম সচিব (বাণিজ্যিক): জেনেভা (সুইজারল্যান্ড) | ০১ (এক)টি | জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে কমপক্ষে ০২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করার যোগ্য হবেন। | |

অ:পৃ:দ্র:

**শর্তাবলি:**

০১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তাঁর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ২৪ মে ২০২২ তারিখের মধ্যে ''জীবন বৃত্তান্ত ছক'' পূরণপূর্বক সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়কে সম্বোধন করে আবেদন করতে হবে।

০২। শিক্ষাগত যোগ্যতার (মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক/স্নাতক (পাস/সম্মান) /স্নাতকোত্তর) সার্টিফিকেটসমূহের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি সহকারে আবেদন করতে হবে।

০৩। আবেদনপত্র ব্যক্তিগতভাবে/ডাকযোগে নির্ধারিত তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়, সিনিয়র সচিব মহোদয় এর দপ্তর, বিল্ডিং নং-৩, কক্ষ নং-১৩৬)-এর নিকট পৌঁছাতে হবে। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং/অথবা সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪। ১লা জানুয়ারি ১৯৯২ তারিখের পর যদি কোন সরকারি কর্মকর্তা বা কর্মচারীর সন্তান জন্মগ্রহণ করে এবং এর ফলে তাঁর সন্তান সংখ্যা দুই এর অধিক হয়, সেক্ষেত্রে তিনি আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

০৫। ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪(চার) বছরের কম রয়েছে তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০৭। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ হাইকমিশন/দূতাবাসের সমমর্যাদার পদে যারা ইতোপূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০৮। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতাকরণ সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়ের/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

০৯। প্রার্থিত পদ ও বাণিজ্যিক উইং এর নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নম্বর কলামে) উল্লেখ করতে হবে। তবে একাধিক উইং এর জন্য পৃথকভাবে আবেদন দাখিলের প্রয়োজন নেই।

২৮.০৪.২০২২

(নাহিদ আফরোজ)
উপসচিব
ফোন: ৯৫৪৯৩৪৮
ই-মেইল: export3@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব ........................................ মন্ত্রণালয়/বিভাগ, .................................. ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল /রংপুর/ ময়মনসিংহ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৫। বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সকল), যুগ্ম-সচিব (সকল), সকল অধিশাখা/শাখা এবং অধীনস্থ সকল অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। জনাব মোহাম্মদ খাদেমুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে জীবনবৃত্তান্ত ছকসহ বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।
০৯। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি জীবনবৃত্তান্ত ছকসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। বাণিজ্য মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড।

## জীবন বৃত্তান্ত ছক

১। নাম ও পরিচিতি নং (যদি থাকে) :
২। বর্তমান আবাসিক ঠিকানা :
৩। স্থায়ী ঠিকানা :
৪। জন্ম তারিখ :
৫। পদবি এবং বর্তমান কর্মস্থল :
৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :
৭। বর্তমান বেতন স্কেল :
৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগাদানের তারিখ :
৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদপত্র জমা দেওয়ার তারিখ পর্যন্ত)
১০। ইতোপূর্বে যে সকল মন্ত্রণালয়ে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ :
১১। বিগত ৫ বৎসর যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা :
১২। শিক্ষাগত যোগ্যতা (এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে) :
১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | |
| (খ) বিদেশী | | | |

১৪। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :
১৫। বিদেশে পূর্বতন পোষ্টিং(যদি থাকে) :
১৬ । বিবাহিত/অবিবাহিত :
১৭। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) :
১৮। প্রার্থিত পদের নাম ও বাণিজ্যিক উইং এর নাম :
১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) (অতিরিক্ত তথ্য যদি থাকে স্বতন্ত্র কাগজে সংযোজনপূর্বক স্বাক্ষর করতে হবে)।

____________________________

আবেদনকারীর স্বাক্ষর
ফোন নম্বর: (অফিস)
(বাসা)
মোবাইল নম্বর:
ই-মেইল: